

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০৩

২০১৭-২০১৮ ইং শিক্ষাবর্ষে ১ম বর্ষ বি.এস-সি. ইঞ্জিনিয়ারিং, বিইউআরপি ও বি আর্ক কোর্সে ভর্তিচু ছাত্র/ছাত্রীদের ভর্তির জন্য করণীয় ধাপসমূহ

(মেধা তালিকার ১ থেকে ২০০০তম মেধাক্রম)

ধাপ ১ঃ ছাত্র/ছাত্রীদের admission.kuet.ac.bd website-এ Application Sl.ও Password ব্যবহার করিয়া Dashboard-এ প্রবেশ করিয়া ১৫/১১/২০১৭ইং তারিখ সকাল ১০-০০ ঘটিকা হইতে ২৫/১১/২০১৭ইং তারিখ সকাল ৮-৩০ মিনিটের মধ্যে বিভাগ পছন্দক্রমের ফরম পূরণ করিয়া Online-এ Submit করিতে হইবে। উল্লেখ্য, প্রয়োজনে ১৫/১১/১৭ইং তারিখ হইতে পছন্দক্রম Submit করার পরও তাহা পরিবর্তন করা যাইবে। তবে চূড়ান্ত পছন্দক্রম যাচাই কমিটির নিকট স্বাক্ষরসহ জমা দেওয়ার পর আর পরিবর্তন করা যাইবে না।

ধাপ ২ঃ (ক) ২৫/১১/১৭ ইং তারিখ সকাল ৯.০০ ঘটিকা হইতে দুপুর ১-০০ ঘটিকার মধ্যে কুয়েট ক্যাম্পাসে নির্দিষ্ট স্থানে প্রয়োজনীয় কাগজপত্র সহ রিপোর্ট করিতে হইবে।

রিপোর্টিং স্থানঃ

মেধাক্রম

০১ থেকে ৫০০ : ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং ভবন

৫০১ থেকে ১০০০ : সিভিল ইঞ্জিনিয়ারিং ভবন

১০০১ থেকে ১৫০০ঃ মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং ভবন

১৫০১ থেকে ২০০০ঃ নতুন একাডেমিক ভবন (বি-ব্লক)

(খ) স্বাক্ষরসহ বিভাগ পছন্দক্রম শীট জমা দিতে হইবে।

(গ) মূল কাগজপত্রাদি যাচাই পূর্বক স্ব-স্ব যাচাই বোর্ডের নিকট জমা দিতে হইবে।

(ঘ) নির্ধারিত মেডিকেল বোর্ড হইতে ২০০/- (দুইশত টাকা) ফিস প্রদান করিয়া স্বাস্থ্য পরীক্ষা করিতে হইবে।

ধাপ ৩ঃ ২৬/১১/২০১৭ইং তারিখ সকাল ৯.০০ ঘটিকার মধ্যে বিশ্ববিদ্যালয়ের নোর্টিশ বোর্ড/Website হইতে প্রাথমিকভাবে বরাদ্দকৃত বিভাগ জানিয়া লইতে হইবে।

ধাপ ৪ঃ বিভাগ বরাদ্দের পর ভর্তিচু শিক্ষার্থীদের ২৬/১১/১৭ ইং তারিখ রোজ রবিবার হইতে ২৮/১১/১৭ ইং তারিখ রোজ মঙ্গলবার পর্যন্ত (প্রতিদিন সকাল ১০.০০ ঘটিকা হইতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত) নির্ধারিত ভর্তি ফি (১৬,৮৭৫/- টাকা) কুয়েট ক্যাম্পাসে অবস্থিত জনতা ব্যাংকে জমা দিতে হইবে। ভর্তি ফি জমা দেওয়ার পর শিক্ষা শাখার কপিটি প্রশাসনিক ভবনে অবস্থিত শিক্ষা শাখায় জমা দিয়া ভর্তির Confirmation পত্র সংগ্রহ করিতে হইবে। প্রাপ্ত বিভাগে ভর্তির পর তা পরিবর্তন করিতে না চাইলে একই সাথে 'Auto-Migration' বন্ধের আবেদনপত্র অবশ্যই জমা দিতে হইবে।

ভর্তির সময় যাচাই-বাছাই কমিটির নিকট নিম্নলিখিত কাগজপত্রাদি বিশ্ববিদ্যালয়ে জমা দিতে হইবে :

- * বোর্ড প্রদত্ত মূল (Original) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট/গ্রেডশীটসমূহ
- * মাধ্যমিক পরীক্ষার মূল/সাময়িক সনদপত্র, উচ্চ মাধ্যমিক পরীক্ষার মূল প্রশংসা পত্র
- * সদ্য তোলা ৪ (চার) কপি পাসপোর্ট ও ৪(চার) কপি স্ট্যাম্প সাইজের রঙ্গীন ছবি
- * স্বাক্ষরসহ বিভাগ পছন্দক্রম শীট

09.11.17

(প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার)

সভাপতি, ভর্তি পরীক্ষা কমিটি

শিক্ষাবর্ষঃ ২০১৭-২০১৮

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়